সংবাদ

তারিখ 07 NOV 2017
পৃঃ ... কলাম ...



ঠাকুরগাঁও : সদর উপজেলার শুখানপুখুরি ইউপির জাঠিভাঙ্গা উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনার ভেঙে নির্মাণাধীন দোকান -সংবাদ

# স্কুলের শহীদ মিনার ভেঙে দোকান ঘর!

জেলা বার্তা পরিবেশক, ঠাকুরগাঁও

**ঠাকুরগাঁও**

ঠাকুরগাঁও সদর উপজেলার শুখানপুখুরি ইউনিয়নের জাঠিভাঙ্গা উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনার ভেঙে দোকানঘর নির্মাণের অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় স্থানীয়দের মাঝে দেখা দিয়েছে তীব্র ক্ষোভ।

স্থানীয়রা জানান, জাঠিভাঙ্গা উচ্চ বিদ্যালয়ের আহ্বায়ক কমিটির সভাপতি ক্ষমতাসীন দলের নেতা হওয়ায় বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সঙ্গে যোগসাজশ করে কিছুদিন আগে দরপত্র ছাড়াই প্রতিষ্ঠানের ২০-২৫টি গাছ কর্তন করেন। পরে কৌশলে স্কুলের প্রাচীরের ভেতর দিয়ে প্রায় ২০টি দোকানঘর নির্মাণের কাজ শুরু করে। হঠাৎ গত শনিবার সকালে বিদ্যালয়ে স্থাপিত শহীদ মিনার ও প্রাচীর ভেঙে বাইরে পাশে ওইসব দোকানের কাজ করতে গেলে স্থানীয়দের তোপের মুখে পড়ে বিদ্যালয় কর্তৃপক্ষ। এ নিয়ে স্থানীয় লোকজনের সঙ্গে স্কুল কমিটি ও প্রধান শিক্ষকের মধ্যে বাকবিতণ্ডা হয়।

পরে স্থানীয় লোকজন ও অভিভাবক সদস্যরা মৌখিকভাবে সদর উপজেলার নির্বাহী কর্মকর্তাকে বিষয়টি অবগত করলেও কোন ব্যবস্থা নেয়নি। এ নিয়ে এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

স্কুলের শিক্ষার্থীদের অভিভাবকের মধ্যে অনেকে জানান, আমরা ভাবতে পারছি না পুরোনো একটি শহীদ মিনার ভেঙে কি করে দোকানঘর নির্মাণ করেন। শুধু তাই নয় স্কুলের বেশ কিছু গাছ কর্তন করা হয়। সেই টাকা প্রতিষ্ঠানে জমা হয়েছে কিনা সন্দেহ রয়েছে। আমরা এর প্রতিবাদ জানাই। আমরা চাই সুষ্ঠু তদন্তের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নিবেন।

এ বিষয়ে স্কুলের আহ্বায়ক কমিটির সভাপতি সুধীর চন্দ্র জানান, বিদ্যালয়ের উন্নয়নের জন্যই দোকানঘর নির্মাণ করা হচ্ছে। তবে শহীদ মিনারটি ভাঙার বিষয়টি এড়িয়ে যান। আর ওই ইউনিয়নের চেয়ারম্যান আনিসুর রহমানের সঙ্গে যোগাযোগ করে তাকে পাওয়া যায়নি। এ বিষয়ে সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা আসলাম মোল্লা জানান, আমি বিষয়টি শুনেছি, ঘটনাস্থল পরিদর্শন করে বিস্তারিত জানা যাবে। আমি বিষয়টি দেখবো।